

## গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu'min) | غَافِرُ(الْمُؤْمِنِ)

আয়াতঃ ৪০ : ১৪

আরবি মূল আয়াত:

فَادْعُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ ﴿١٤﴾

অনুবাদসমূহ:

সুতরাং তোমরা আল্লাহকে ডাক, তাঁর উদ্দেশ্যে দীনকে একনিষ্ঠভাবে নিবেদিত করে। যদিও কাফিররা অপছন্দ করে। — আল-বায়ান

কাজেই আল্লাহকে ডাক আনুগত্যকে একমাত্র তাঁরই জন্য নিদিষ্ট করো, যদিও কাফিরগণ তা অপছন্দ করে। — তাইসিরুল

সুতরাং আল্লাহকে ডাক তাঁর আনুগত্যে একনিষ্ঠ হয়ে, যদিও কাফিররা এটা অপছন্দ করে। — মুজিবুর রহমান

So invoke Allah, [being] sincere to Him in religion, although the disbelievers dislike it. — Sahih International

১৪. সুতরাং তোমরা আল্লাহকে ডাক তাঁর আনুগত্যে একনিষ্ঠ হয়ে। যদিও কাফিররা অপছন্দ করে।

তাফসীরে জাকারিয়া

(১৪) সুতরাং আল্লাহর আনুগত্যে বিশুদ্ধচিত্তে হয়ে তাঁকে ডাক, যদিও অবিশ্বাসীগণ এ অপছন্দ করে।[১]

[১] অর্থাৎ, যখন সবকিছু এক আল্লাহই করেন, তখন কাফেরদের নিকট যতই অপছন্দনীয় হোক না কেন, কেবলমাত্র সেই এক আল্লাহকেই ডাক তাঁর জন্য ইবাদত ও আনুগত্যকে নিষ্ঠাপূর্ণ করে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4147>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন